



কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ  
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।



‘স্টুডেন্ট ট্রেনিং প্রোগ্রাম ফর ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট’  
**ভর্তি বিজ্ঞপ্তি**

ডিজিটাল কর্মসংস্থান সৃষ্টি ও আইটি ইনডাস্ট্রি হতে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক Enhancing Digital Government and Economy (EDGE) শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের সহায়তায় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, মাভাবিপ্রবি এর তত্ত্বাবধানে ‘স্টুডেন্ট ট্রেনিং প্রোগ্রাম ফর ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট’ পরিচালনা করা হবে। ট্রেনিং প্রোগ্রামটি ফাউন্ডেশনাল, ইন্টারমিডিয়েট ও অ্যাডভান্সড এই তিনটি পৃথক লেভেলে সম্পন্ন করা হবে। এতদলক্ষ্যে আগ্রহী ছাত্র/ছাত্রীদের নিকট হতে নিম্নোল্লিখিত তথ্য অনুসরণপূর্বক আবেদন আহবান করা যাচ্ছে।

**ফাউন্ডেশনাল লেভেল:**

- ১। কোর্সের ব্যাপ্তি: ৬০ ঘন্টা (৩ ঘন্টার ২০ টি ক্লাশ)
- ২। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম এইচ এস সি পাশ
- ৩। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর

**ইন্টারমিডিয়েট লেভেল:**

- ১। কোর্সের ব্যাপ্তি: ৮১ ঘন্টা (৩ ঘন্টার ২৭ টি ক্লাশ)
- ২। শিক্ষাগত যোগ্যতা: বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত অথবা পাশকৃত
- ৩। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর

**অ্যাডভান্সড লেভেল:**

- ১। কোর্সের ব্যাপ্তি: ১০৮ ঘন্টা (৩ ঘন্টার ৩৬ টি ক্লাশ)
- ২। শিক্ষাগত যোগ্যতা: বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিজ্ঞান অথবা প্রযুক্তি বিষয়ে অধ্যয়নরত অথবা পাশকৃত এবং তথ্যপ্রযুক্তি বিষয়ে প্রাথমিক জ্ঞানসম্পন্ন
- ৩। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর

**ফরম প্রাপ্তি ও জমার স্থান:** সিএসই বিভাগ, মাভাবিপ্রবি (অফিস চলাকালীন সময়ে)

**অনলাইন আবেদন লিংক:** <https://cse.mbstu.ac.bd/training>

**আবেদনের সময়:** ৩১ জানুয়ারী ২০২৪ খ্রি: হতে ০৯ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি:

**ভর্তির সময়:** ১০ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি: হতে ১২ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি:

**ক্লাশ শুরু করার সম্ভাব্য তারিখ:** ১৩ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি:

আগ্রহী ছাত্র/ছাত্রীগণ যে কোনো একটি লেভেলের যে কোনো একটি মাত্র কোর্সে নিবন্ধন করতে পারবেন। উল্লেখ্য যে, ট্রেনিং প্রোগ্রামটি সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে এবং প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস ও কিটস প্রকল্পের অর্থায়নে সরবরাহ করা হবে। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (+৮৮০১৭১৬৮৬২৮১৪, +৮৮০১৭৩৪০৯৫৪৯৫) এই নাম্বারসমূহে যোগাযোগ করা যাবে।

চেয়ারম্যান

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়